**ভারত ও পাকিস্তানের মধ্যে পারমাণবিক প্রতিষ্ঠানের মধ্যে তালিকা বিনিময়**

ভারত ও পাকিস্তানের মধ্যে একে অপরের বিরূদ্ধে পারমাণবিক প্রতিষ্ঠানে আকরমণ নিরোধ চুকতি অনুসারে আজ নয়াদিল্লি ও ইসলামাবাদে কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে একযোগে পারমাণবিক প্রতিষ্ঠান ও ব্যবস্থাপনার তালিকা বিনিময় হয়েছে।

১৯৮৮ সালের ৩১ ডিসেম্বরে স্বাক্ষরিত এবং ১৯৯১ সালের ২৭ জানুয়ারি থেকে লাগু হওয়া এই চুকতি অনুসারে প্রতি ক্যালেন্ডার বছরের জানুয়ারি মাসের প্রথম দিনে চুকতির অর্ন্তগত পারমাণবিক প্রতিষ্ঠানগুলির ও ব্যবস্থাগুলির তালিকা দুই দেশ একে অপরকে জ্ঞ্যাত করে।আজকের এই তালিকা বিনিময় উভয় দেশের মধ্যে লাগাতার তেইশতম বিনিময়। ১৯৯২ সালের ১ জানুয়ারি উভয় দেশের মধ্যে প্রথম তালিকা বিনিময় হয়েছিল।

**নয়াদিল্লি**

**১ জানুয়ারি ২০১৪**